রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ৩, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সুরক্ষা সেবা বিভাগ**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**মাদক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ/০৯ জানুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৬১.০২.০০৪.১৮.১৩**—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রস্তাবমতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৬৮(৩) ধারা মোতাবেক লাইসেন্স, পারমিট, ফিস ও মাদকশুল্ক বিধিমালা প্রণীত না হওয়া পর্যন্ত অন্তর্বর্তীকালীন সময়ের জন্য নিম্নবর্ণিত হারে ও শর্তে মিথাইল অ্যালকোহল (মিথানল) এর লাইসেন্স ফিস নির্ধারণ করা হইল :

| ক্র. নং | লাইসেন্সের বিবরণ | ফিসের হার (টাকায়) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ০১ | মিথাইল অ্যালকোহল (মিথানল) আমদানি, মজুদ ও পাইকারী বিক্রয় | ২০,০০০/-(বিশ হাজার টাকা) |
| ০২ | মিথাইল অ্যালকোহল (মিথানল) আমদানি, মজুদ ও খুচরা বিক্রয় | ১২,০০০/-(বারো হাজার টাকা) |
| ০৩ | মিথাইল অ্যালকোহল (মিথানল) ব্যবহার পারমিট | ২,০০০/-(দুই হাজার টাকা) |

**শর্তাবলি :**

০১। লাইসেন্স, পারমিট, ফিস ও মাদকশুল্ক বিধিমালা কার্যকর বা বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইবার পর মিথাইল অ্যালকোহল (মিথানল) আমদানি, মজুদ, পাইকারী ও খুচরা বিক্রয় এবং ব্যবহার পারমিটের ফিসের হার কম বা বেশী হইলে ভূতাপেক্ষভাবে তা সমন্বয় করা হইবে এবং এই বিষয়ে আমদানি, মজুদ, পাইকারী ও খুচরা বিক্রয় এবং ব্যবহার পারমিটের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না;

০২। মিথাইল অ্যালকোহল (মিথানল) আমদানি, মজুদ, পাইকারী ও খুচরা বিক্রয় এবং ব্যবহার পারমিটের জন্য যথারীতি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হইতে অনুমতি গ্রহণ করিতে হইবে;

০৩। মিথাইল অ্যালকোহল (মিথানল) আমদানি, মজুদ, পাইকারী ও খুচরা বিক্রয় এবং ব্যবহার পারমিটের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে এবং চাহিবামাত্র সরকারের নিকট উপস্থাপন করিতে হইবে;

০৪। মিথাইল অ্যালকোহল (মিথানল) আমদানি, মজুদ, পাইকারী ও খুচরা বিক্রয় এবং ব্যবহার পারমিটের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালা এবং লাইসেন্সে উল্লিখিত শর্ত যথাযথভাবে অনুসরণ করিতে হইবে;

০৫। লাইসেন্স, পারমিট, ফিস ও মাদকশুল্ক বিধিমালা কার্যকর বা বাংলাদেশ গেজেটে প্রকাশিত হওয়ার পর এই প্রজ্ঞাপনের কার্যকারিতা স্থগিত হইবে;

০৬। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd